

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 03-02-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, ত্রিপুরা উন্নয়নের দ্রুতগতি অর্জন করেছে এবং বিকাশ ভি বিরাসত ভি মন্ত্র গ্রহণ করে প্রতিদিন নতুন সাফল্য অর্জন করছে।
- (২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, দেশ ও রাজ্যের গণতন্ত্রকে শক্তিশালী করতে সংবাদ মাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- (৩) সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী বীরেন্দ্র কুমার বলেছেন, নেশা মুক্ত ভারত অভিযান ২৫ কোটিরও বেশি মানুষের কাছে পৌঁছেছে।
- (৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার ওবিসি সম্প্রদায়ের জনগনের কল্যানে গৃহীত প্রকল্পগুলি বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করছে।
- (৫) অর্থমন্ত্রী প্রণজিঃ সিংহ রায় বলেছেন ২০২৬-২৭ অর্থ বছরের জন্য কেন্দ্রীয় বাজেটে উত্তর পূর্বাঞ্চলের উন্নয়ন খাতে ১৫ দশমিক এক ছয় শতাংশ বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে।

PM-Tripura :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, ত্রিপুরা উন্নয়নের দ্রুতগতি অর্জন করেছে এবং বিকাশ ভি বিরাসত ভি মন্ত্র গ্রহণ করে প্রতিদিন নতুন সাফল্য অর্জন করছে। একটি জাতীয় দৈনিকে কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার লেখা একটি প্রবন্ধ শেয়ার করে প্রধানমন্ত্রী আজ একথা উল্লেখ করেছেন। তিনি আরো উল্লেখ করেন, কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া তাঁর প্রবন্ধে ত্রিপুরার পরিবর্তিত চেহারা এবং এর বিশাল সম্ভাবনা বিস্তারিতভাবে উল্লেখ করেছেন।

Pariksha Pe Charcha :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৬ই ফেব্রুয়ারী পরীক্ষা পে চৰা দেখাৱ জন্য নাগরিকদেৱ আমন্ত্ৰণ জানিয়েছেন। আজ সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে প্রধানমন্ত্রী চাপমুক্ত পরীক্ষার ওৱলত্বেৱ উপৱ জোৱ দিয়েছেন। এ বছৰ দেবমোগৱা, কোয়েষ্বাটোৱ, রায়পুৱ, গোহাটী এবং দিল্লিৰ ৭, লোক কল্যাণ মার্গে পরীক্ষা যোদ্বাদেৱ সাথে ইন্টাৱেষ্টিভ সেশন অনুষ্ঠিত হয়েছে বলে তিনি উল্লেখ কৱেন।

* * * * *

Governor :

রাজ্যপাল ইন্দ্ৰসেনা রেডি নাল্লু বলেছেন, দেশ ও রাজ্যেৱ গণতন্ত্ৰকে শক্তিশালী কৱতে সংবাদ মাধ্যমেৱ ভূমিকা অত্যন্ত ওৱলত্বপূৰ্ণ। আজ বিধানসভায় সাংবাদিক সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি সংবাদ মাধ্যমকে গঠনমূলক দৃষ্টিভঙ্গিতে সৱকাৱেৱ ভুল ক্রটি ধৰে দেওয়া পাশাপাশি নিৰ্ণ্ণা ও সততাৱ সঙ্গে দায়িত্ব পালনেৱ উপৱ ওৱলত্ব আৱোপ কৱেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্ৰসাদ পাল, বনমন্ত্রী অনিমেষ দেববৰ্মা, বিৱোধী দলনেতা জিতেন্দ্ৰ চৌধুৱী। উপস্থিতি ছিলেন বিধায়ক বীৱজিঃ মিনহা ও রামপদ জমাতিয়া। অনুষ্ঠানে ২১ জন সাংবাদিক ও চিৰি সাংবাদিককে সম্বৰ্ধনা প্ৰদান কৱা হয়।

* * * * *

VB G Ram G-Sonamura :

ভিবি জি রাম জি আইন নিয়ে আজ সোনামুড়াৱ কালাপানিয়া গ্রাম পঞ্চায়েতে এক আলোচনাসভার আয়োজন কৱা হয়। সিপাহীজলা জিলা পৱিষদেৱ সভাধিক্ষেত্ৰী সুপ্ৰিয়া দাস দত্ত এই আলোচনাসভায় এই আইন নিয়ে বিস্তাৱিত বক্তব্য রাখেন। তিনি বলেন, এই নতুন আইনেৱ মাধ্যমে দেশেৱ প্ৰত্যেকটি গ্ৰামে স্থায়ী সম্পদ তৈৱি হবে। উপস্থিতি ছিলেন বিজেপি সোনামুড়া মণ্ডল কমিটিৱ সভাপতি শুভ্ৰজিঃ দাস, সিপাহীজলা জেলা দক্ষিণাংশ কমিটিৱ সভাপতি উত্তম দাস, প্ৰাক্তন মন্ত্ৰী বিলাল মিয়া প্ৰমুখ।

Digital Awareness :

আসাম রাইফেলসের উদ্যোগে আজ রাধানগর এবং তেলিয়ামুড়ায় ডিজিটাল সাক্ষরতা কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় নিরাপদ ইন্টারনেট ব্যবহার, সাইবার নিরাপত্তা, অনলাইন জালিয়াতি প্রতিরোধ এবং ডিজিটাল প্ল্যাটফর্মের দায়িত্বশীল ব্যবহার সম্পর্কে স্থানীয় যুবকদের সচেতন করা হয়।

Road Safety Awareness :

জাতীয় সড়ক সুরক্ষা মাস উপলক্ষ্যে আজ পরিবহন দপ্তরের উদ্যোগে আগরতলার নাগেরজলা বাসস্ট্যান্ডে সড়ক নিরাপত্তা সম্পর্কে যানবাহনের মালিক ও শ্রমিকদের নিয়ে এক সচেতনতামূলক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সড়ক দুর্ঘটনা প্রতিরোধ, ট্রাফিক নিয়ম মেনে চলা এবং নিরাপদভাবে যানবাহন চালনার উপর বিস্তারিত বক্তব্য রাখেন পরিবহন দপ্তরের আধিকারিক দিবাকর দেবনাথ।

State Support Mission-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ত্রিপুরা বর্তমানে দেশের একমাত্র রাজ্য যেখানে মন্ত্রিসভা থেকে পঞ্চায়েত স্তর পর্যন্ত পেপারলেস প্রশাসন কার্যকর রয়েছে। আজ আগরতলায় নীতি আয়োগের স্টেট সাপোর্ট মিশনের অধীনে পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে নিয়ে আয়োজিত তৃতীয় আঞ্চলিক কর্মশালার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, স্টেট সাপোর্ট মিশন ভারতের যুক্তরাষ্ট্রীয় শাসন ব্যবস্থায় এক নতুন অধ্যায়ের সূচনা করেছে, যেখানে কেন্দ্র ও রাজ্যের মধ্যে অংশীদারিষ্ঠভিত্তিক সহযোগিতার উপর বিশেষ ওরুজ দেওয়া হয়েছে। এই উদ্যোগের মাধ্যমে নীতি আয়োগ রাজাগুলিকে তাদের স্টেট ইনসিটিউশন ফর ট্রান্সফরমেশন

শক্তিশালী করার সুযোগ প্রদান করেছে। টি.আই.এফ.টি, ইতিমধ্যে রাজ্যের জন্য একাধিক গুরুত্বপূর্ণ নীতি প্রণয়নের ভূমিকা রেখেছে। এছাড়াও দক্ষতা উন্নয়নের ক্ষেত্রেও কাজ করে চলছে সফলভাবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুখ্যসচিব জে কে সিনহা, সুশাসন দপ্তরের সচিব কিরণ গিত্তে, স্টেট সাপোর্ট মিশন, নীতি আয়োগের যুগ্ম সচিব ও মিশন অধিকর্তা কে. এস রেজিমন। ভার্চুয়ালভাবে বক্তব্য রাখেন নীতি আয়োগের অতিরিক্ত সচিব রোহিত কুমার।

Update Akashvani :

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Nesha Mukta Abhiyan :

সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী বীরেন্দ্র কুমার আজ লোকসভায় বলেছেন, মাদকের অপব্যবহার সম্পর্কে যুবসমাজের মধ্যে সচেতনতা তৈরির জন্য নেশা মুক্ত ভারত অভিযান ২৫ কোটিরও বেশি মানুষের কাছে পৌঁছেছে। তিনি বলেন, মাদকাসক্তি নিরসনের জন্য সাহায্যপ্রার্থী ব্যক্তিদের

প্রাথমিক পরামর্শ এবং তাৎক্ষণিক রেফারেল পরিষেবা প্রদানের জন্য
মন্ত্রণালয় ১৪৪৪৬ নম্বরে একটি টোল-ফ্রি হেল্পলাইন চালু করেছে।

* * * * *

Rajib Bhattacharjee-Rajya Sabha :

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ রাজসভায় রাজ্যের কয়েকটি গুরুত্বপূর্ণ জাতীয়
সড়কের সমস্যা নিয়ে বিস্তারিত উল্লেখ করে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ
করেন। অবিলম্বে এই সমস্ত সমস্যা নিরসনের উদ্যোগ নিতে তিনি সংশ্লিষ্ট
মন্ত্রকের কাছে অনুরোধ জানান।

* * * * *

Award Distribution-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার ওবিসি
সম্প্রদায়ের জনগনের কল্যানে গৃহীত প্রকল্পগুলি বাস্তবায়নে আন্তরিকভাবে
কাজ করছে। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ওবিসি কল্যাণ দপ্তর আয়োজিত
বি আর আন্তর্দেশ প্রকল্প পুরস্কার, সমাজ সংস্কৃতি সম্মাননা পুরস্কার
ও বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে এককালীন সহায়তা প্রদান অনুষ্ঠানের উদ্বোধন
করে তিনি একথা বলেন। তিনি বলেন, ২০১৮ সালে এবং ২০২০ সালে
পঞ্চায়েত দপ্তর এবং নগর উন্নয়ন দপ্তরের যৌথ পরিসংখ্যান অনুযায়ী
রাজ্যে ৯ লক্ষ্যের বেশি ওবিসি সম্প্রদায়ভুক্ত জনগণ রয়েছে। যা রাজ্যের
জনসংখ্যার ২০ দশমিক ৫৪ শতাংশ। রাজ্য সরকার ওবিসি সম্প্রদায়ের
ক্ষেত্রে বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তার মাধ্যমে আর্থ-সামাজিক
ক্ষমতায়নের উদ্যোগ অব্যাহত রেখেছে। অনুষ্ঠানে বি আর আন্তর্দেশ সমাজ
সাংস্কৃতিক স্মারক সম্মাননা প্রদান করা হয় সজল আচার্য, সুকুমার চন্দ্র
নাথ ভৌমিক ও কাজল চন্দ্র নাথকে। তাছাড়া ২০২৫ সালে মাধ্যমিক ও
উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ কৃতি ওবিসি সম্প্রদায় ভুক্ত ছাত্রছাত্রীদের স্বর্গ
পদক ও নগদ ২৫ হাজার টাকা ও শংসাপত্র প্রদান করা হয়। সেইসঙ্গে
১৫৬ জনকে বৃত্তিমূলক শিক্ষার জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান

করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওবিসি কল্যাণ মন্ত্রী সান্ত্বনা চাকমা, ওবিসি ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারম্যান মূনাল কান্তি নাথ।

* * * * *

President :

রাষ্ট্রপতি ভবনের প্রাঙ্গণে অবস্থিত অনুত্ত উদ্যান আজ থেকে জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। তা খোলা থাকবে আগামী ৩১শে মার্চ পর্যন্ত। রাষ্ট্রপতির সচিবালয় সুত্রে আজ এথবর জানা গেছে।

* * * * *

Finance Minister Press Meet-Budget :

অর্থমন্ত্রী প্রণজৎ সিংহ রায় বলেছেন ২০২৬-২৭ অর্থ বছরের জন্য কেন্দ্রীয় বাজেটে উত্তর পূর্বাঞ্চলের উন্নয়ন থাতে ১৫ দশমিক এক ছয় শতাংশ বরাদু বৃদ্ধি করা হয়েছে। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, উত্তর পূর্বাঞ্চলের উন্নয়ন থাতে ২০২৫-২৬ অর্থ বছরে বাজেট বরাদু ছিল ৫ হাজার ৯১৫ কোটি টাকা। ২০২৬-২৭ অর্থ বছরে তা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৬ হাজার ৮১২ কোটি টাকা। অর্থমন্ত্রী বলেন বাজেটে পর্যটন, মহিলা স্বশক্তিকরণ, যুব উন্নয়ন থেকে শুরু করে প্রত্যেকটি গুরুত্বপূর্ণ থাতে বাজেট বৃদ্ধি করা হয়েছে। তিনি এই বাজেটকে প্রতিহাসিক বাজেট বলে আখ্যা দিয়েছেন। উপস্থিত ছিলেন সিপাইজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত।

* * * * *

Special Talk :

২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেটে উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। স্বাস্থ্য পরিষেবা থেকে যোগাযোগ ব্যবস্থা এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বাজেটে একাধিক গুরুত্বপূর্ণ প্রস্তাব রাখা হয়েছে। এই বাজেট প্রস্তাবগুলির প্রেক্ষাপটে উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের দিক নির্দেশনা ও ভবিষ্যৎ সন্তান নিয়ে আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা

শোনা যাবে আজ রাত ৯টা ১৫ মিনিটে, আকাশবাণীর আগরতলা কেন্দ্র থেকে।

* * * * *

CITU-Budget :

কেন্দ্রীয় বাজেটের বিরুদ্ধে বামপন্থী ট্রেড ইউনিয়ন সি আই টি ইউ - রাজ্য শাখার উদ্যোগে আজ আগরতলায় এক প্রতিবাদ মিছিল ও পথসভার আয়োজন করা হয়। পথসভায় সিট্যু রাজ্য সভাপতি মানিক দে কেন্দ্রীয় সরকারের বাজেটের সমালোচনা করে বাজেটকে জনস্বার্থ বিরোধী বলে মন্তব্য করেন। বক্তব্য রাখেন সিট্যু নেতা শংকর প্রসাদ দত্ত ও সমর চক্রবর্তী প্রমুখ।

* * * * *

Gen.Padmajang Football :

কৈলাশহর কলেজ স্টেডিয়ামে আয়োজিত প্রতিহ্যবাহী জেনারেল পম্পজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় জম্পুইজলা F.C দল পেনাল্টি শুটআউটে মিজোরামের মারপাড়া F.C দলকে পরাজিত করেছে। আজ বিকালে নির্ধারিত সময়ে দু পক্ষই একটি করে গোল করে। খেলার অতিরিক্ত সময়ে কোন পক্ষ-ই গোল করতে পারেনি। পরে পেনাল্টি শুটআউটে চার-দুই গোলের ব্যবধানে জম্পুইজলা F.C দল বিজয়ী হয়।

* * * * *

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.১ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

* * * * *